...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
তথ্য ও অভিযোগ শাখা

অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টোকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ ১ম সভার কার্যবিবরণী

সভাপতি	মো: মজিবর রহমান জেলা প্রশাসক, সিলেট
সভার তারিখ	২৭ এপ্রিল, ২০২৩
সভার সময়	সকাল ১০:০০ টা
স্থান	Zoom Application এর মাধ্যমে
উপস্থিতি	উপস্থিতির বিবরণী পরিশিষ্ট 'ক'

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে এ কার্যালয়ের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) জনবান্ধব ও সেবামুখী জনপ্রশাসন গড়ে তোলার লক্ষ্যে অভিযোগ প্রতিকার ব্যবস্থার গুরুত্ব তুলে ধরেন। সভায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। এরপর সেবাগ্রহীতা/অংশীজনদের কাছ থেকে এ বিষয়ে মতামত আহবান করা হয়।

২। সভায় উপস্থিত সকলের আলোচনার পরিপ্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নম্বর	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্স নিয়মিত হালনাগাদ করতে হবে।	সংশ্লিষ্ট কর্মকর্তা
২	অনলাইনে প্রাপ্ত অভিযোগের ক্ষেত্রে অভিযোগ পাওয়ার ১৫ দিনের মধ্যে নিষ্পত্তি করার ব্যবস্থা নিতে হবে, অভিযোগ নিষ্পত্তি বিষয়ে আরো সচেতনতা অবলম্বন করতে হবে।	সংশ্লিষ্ট কর্মকর্তা
৩	কেউ অভিযোগ করতে চাইলে তার অভিযোগ শ্রবণপূর্বক সঠিক নিয়মে আবেদন করতে সহায়তা প্রদান করতে হবে।	সংশ্লিষ্ট কর্মকর্তা
৪	নাগরিক সেবাকে সহজ করার লক্ষ্যে উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট কর্মকর্তা
৫	সেবা প্রক্রিয়ায় সেবা গ্রহণকারীদের অসন্তোষের বিষয়গুলো চিহ্নিত করে নিরসনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট কর্মকর্তা
৬	অভিযোগ বক্সে প্রাপ্ত অভিযোগ দ্রুত নিষ্পত্তি করতে হবে।	সংশ্লিষ্ট কর্মকর্তা
৭	পেন্ডিং অভিযোগসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে।	সংশ্লিষ্ট কর্মকর্তা

পরিশেষে আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মো: মজিবর রহমান
জেলা প্রশাসক, সিলেট

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০২১.৯৯.০০২.২২.১২৮

তারিখ: ২১ বৈশাখ ১৪৩০
০৪ মে ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।

৩) উপজেলা নির্বাহী অফিসার.....(সকল), সিলেট

৪) সহকারী কমিশনার (ভূমি)....., (সকল), সিলেট

৫) ভূমি অধিগ্রহণ কর্মকর্তা/রেভিনিউ ডেপুটি কালেক্টর/সিনিয়র সহকারী কমিশনার....., সিলেট

৬) সহকারী কমিশনার (সকল)....., জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট

মো: মজিবর রহমান
জেলা প্রশাসক, সিলেট